এসএসসি দাখিল পরীক্ষা শুরু : অনুপস্থিত ৬ হাজার ৬৪০ জন ১১৭ পরীক্ষার্থী ৩ শিক্ষক বহিষ্কার

স্টাফ রিপোর্টার ঃ প্রায় নকলমুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে গতকাল (বৃহস্পতিবার) থেকে সারাদেশের ৯টি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা শুরু হয়েছে। প্রথমদিনে ৭টি সাধারণ শিক্ষা বোর্ড এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত হয় ইংরেজি প্রথম পত্রের পরীক্ষা। মাদ্রাসা বোর্ডের অধীনে দাখিলে কুরআন মাজীদ ও তাজবিদ পরীক্ষা অনুষ্ঠিত হয়। ৯টি শিক্ষা বোর্ডে প্রথমদিনের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার হয়েছে ১১৭ জন পরীক্ষার্থী। এছাড়া ৩ জন শিক্ষক বহিষ্কার হয়েছেন, যারা সকলেই রাজশাহী বোর্ডের। এছাড়া নয় বোর্ডে অনুপস্থিত ছিল ৬ হাজার ৬৪০ জন শিক্ষার্থী। এর মধ্যে ৭টি সাধারণ শিক্ষা বোর্ডে বহিষ্কার হয়েছে ৩৬ জন। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষায় বহিষ্কার হয়েছে ১১ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষার প্রথম দিনে বহিষ্কার হয়েছে ৭০ জন পরীক্ষার্থী। বহিষ্কৃত শিক্ষকদের মধ্যে রয়েছেন সহকারী শিক্ষক মোঃ মিজানুর রহমান ও জামাল উদ্দিন রাজশাহীর দামকুড়া কেন্দ্রের মুজিবুর রহমান উচ্চ বিদ্যালয়ের শিক্ষক। আরেকজন মোঃ মাহমুদুর রহমান গাইবান্ধা শাহঘাটের বনারপাড়া বিএম ইনস্টিটিউটের শিক্ষক।

শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রক কক্ষের হিসাব অনুযায়ী গতকাল নয় বোর্ডে অনুপস্থিত ছিল ৬ হাজার ৬৪০ জন শিক্ষার্থী। এর মধ্যে ঢাকা বোর্ডে অনুপস্থিত শিক্ষার্থীর সংখ্যা ৮৩৮ জন, রাজশাহীতে ৭৭৩ জন, যশোরে ৬৫৩ জন, বরিশালে ৪০২ জন, সিলেটে ১১৯ জন, কুমিল্লায় ৩৬৮ এবং চট্টগ্রামে ১৯২ জন। মাদ্রাসা বোর্ডের দাখিলে ২ হাজার ৬৬২ জন এবং এসএসসি ভোকেশনালে ৬৩৩ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

বোর্ড অনুযায়ী বহিষ্কৃত শিক্ষার্থীর মধ্যে রয়েছে ঢাকা বোর্ডে ১৪ জন, রাজশাহীতে ৮ জন, যশোরে ৩ জন, বরিশালে ৫ জন, কুমিল্লায় ৪ এবং চট্টগ্রামে ২ জন। সিলেট বোর্ডে কেউ বহিষ্কার হয়নি। দাখিলে বহিষ্কৃত ১১ জনের মধ্যে রয়েছে ব্রাহ্মণবাড়িয়ায় ১ জন, ঝালকাঠিতে ১ জন, নড়াইলে ২ জন, যশোরে ১ জন, নওগাঁয় ১ জন, টাঙ্গাইলে ২ জন, জামালপুরে ২ জন ও জয়পুরহাটে ১ জন এবং এসএসসি ভোকেশনালে ৭০ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে।

গতকাল পরীক্ষার প্রথম দিনে শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান ঢাকা মহানগরীর সরকারী মাদ্রাসা-ই-আলিয়া, অগ্রণী বালিকা উচ্চ বিদ্যালয়, গভঃ ল্যাবরেটরি হাই স্কুল ও ধানমন্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এসময় শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব মোঃ নজরুল ইসলাম খান, ঢাকার জেলা প্রশাসক কামাল উদ্দিন এবং ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপদেষ্টার সঙ্গে ছিলেন। বিভিন্ন কেন্দ্র পরিদর্শনকালে উপদেষ্টা বলেন, মেধাবী ও মননশীল জাতি গঠনে এসএসসি পরীক্ষা একটি গুরুত্বপূর্ণ সোপান। শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে এসএসসিসহ জাতীয় পরীক্ষাসমূহ সরকার নকলমুক্ত ও সুষ্ঠু পরিবেশে অনুষ্ঠানের জন্য বদ্ধপরিকর। তাই পরীক্ষায় যেকোন পর্যায়ে যেকোন ধরনের অপতৎপরতাকে কঠোর হস্তে দমন করা হবে। এসময় তিনি সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালনের জন্য শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের প্রতি আহ্বান জানান। তিনি পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। অন্যদিকে শিক্ষা সচিব মোমতাজুল ইসলাম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক কে এ আওরঙ্গজেব, ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মনিরুল ইসলাম ঢাকা মহানগরীর বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন। শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এ বছর দেশের সাতটি শিক্ষা বোর্ড, কারিগরি বোর্ড ও মাদ্রাসা বোর্ডের অধীনে ২৫ হাজার ৮০৯টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১০ লাখ ১৩ হাজার ৩০১ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে এসএসসি পরীক্ষার্থী ৭ লাখ ৪৭ হাজার ৫৪৫ জন, দাখিলে ১ লাখ ৮৩ হাজার ৩৮১ জন এবং কারিগরি বোর্ডের অধীন এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার্থীর সংখ্যা ৮২ হাজার ৩৭৫।

ঢাকা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ইংরেজি প্রথম পত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এদের মধ্যে টাঙ্গাইলে ১১ জন, গোপালগঞ্জে ২ জন, জামালপুরে ১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। বোর্ডের অধীনে পরীক্ষায় এদিন অনুপস্থিত ছিল ৮৩৮ জন।

আমাদের চট্টগ্রাম অফিস জানায়, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত প্রথম দিনের ইংরেজি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃতদের ১ জন খাগড়াছড়ির বিলাইছড়ির এবং ১ জন বান্দরবানের রুমায়। এদিন বোর্ডে অধীনে পরীক্ষায় ১৯২ জন অনুপস্থিত ছিলেন। এছাড়া সকল কেন্দ্রেই নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়। বরিশাল ব্যুরো অফিস জানায়, এ বোর্ডে গতকাল এসএসসি পরীক্ষার প্রথম দিন শান্তিপূর্ণ ও সুষ্ঠু পরিবেশে সম্পন্ন হয়েছে। প্রথম দিনে বরিশাল বোর্ডে অসদুপায় অবলম্বনের দায়ে ৫ জনকে বহিষ্কার করা হয়েছে। অনুপস্থিত ছিল ৪০২ জন। সিলেট ব্যুরো জানায়, সিলেট বোর্ডে গতকাল কোন পরীক্ষার্থী বহিষ্কার হয়নি। বোর্ডের অধীনে পরীক্ষায় এদিন অনুপস্থিত ছিল ১১৯ জন।

রাজশাহী অফিস জানায়, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষার প্রথম দিনে ৮ জনকে বহিষ্কার করা হয়েছে। অনুপস্থিত ছিল ৭৭৩ জন শিক্ষার্থী।

যশোর ব্যুরো অফিস জানায়, যশোর বোর্ডে নকলের দায়ে ৩ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। এদের মধ্যে খুলনা কেন্দ্রে ২ জন এবং ঝিনাইদহ কেন্দ্রে ১ জন বহিষ্কৃত হয়। এ বোর্ডে অনুপস্থিত ছিল ৬৫৩ জন। কুমিল্লা অফিস জানায়, কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত প্রথম দিনের ইংরেজি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। বহিষ্কৃতদের মধ্যে রয়েছে নাঙ্গলকোট কেন্দ্রে ১ জন, চান্দিনা মহিচাইল কেন্দ্রে ১ জন, নোয়াখালী বেগমগঞ্জে ১ জন। এছাড়া অনুপস্থিত ছিল ৩৬৮ জন।

গফরগাঁও উপজেলা সংবাদদাতা জানায়, এসএসসি পরীক্ষায় প্রথম দিনে ইংরেজি ১ম পত্রের পরীক্ষায় গফরগাঁও পরীক্ষা কেন্দ্রে নানা অনিয়মের অভিযোগ ওঠেছে। নির্দিষ্ট কিছু পরীক্ষার্থীদের জন্য তাদের কক্ষে পরিদর্শক হিসেবে ইংরেজি বিষয়ের শিক্ষকগণদের দায়িত্ব দেয়া এবং উপজেলার আলোচিত কোচিং সেন্টার মডার্ন একাডেমী ও মডার্ন কোচিং সেন্টারের ছাত্র-ছাত্রীদের কক্ষে কোচিং সেন্টার সংশ্লিষ্ট শিক্ষকদের কক্ষ পরিদর্শকের দায়িত্ব দেয়া হয়। এ নিয়ে ছাত্র-অভিভাবকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে।

ধনবাড়ী (টাঙ্গাইল) উপজেলা সংবাদদাতা জানান, ধনবাড়ী আলিম মাদ্রাসা কেন্দ্রে ১ জন ভুয়া পরীক্ষার্থী পালিয়ে যাওয়ায় তাকে বহিষ্কার করা হয়েছে এবং ওই পরীক্ষার্থীকে সহযোগিতা করার দায়ে স্থানীয় ধোকেরকুল দাখিল মাদ্রাসা সুপার মাওলানা সেকান্দর আলী ও সহকারী শিক্ষক আব্দুল লতিফকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।